তারিখ ২ OCT 2002
পৃষ্ঠা ৩ কলাম ৪

দৈনিক জনকণ্ঠ

# মুহসীন হলে ছাত্রদলের দুই গ্রুপে হাতাহাতি ॥ তিন কর্মীকে শোকজ, দু'জনকে হলের বাইরে থাকার নির্দেশ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের মুহসীন হলে ছাত্রদলের দু'গ্রুপের মধ্যে হাতাহাতি ও অস্ত্র প্রদর্শনের ঘটনা ঘটেছে। এই ঘটনায় ছাত্রদল তিন কর্মীকে শোকজ করেছে এবং দুইজনকে হলের বাইরে থাকার নির্দেশ দিয়েছে। জানা গেছে, দুপুরে মধুর কেন্টিনে আসাদ গ্রুপের নেতাকর্মীদের সঙ্গে টুকু গ্রুপের শহীদুলের কথা কাটাকাটি হয়। এরপর বেলা দুইটার দিকে শহীদুল, জিয়াসহ কয়েকজন হলে গেলে হল গেটে আসাদ গ্রুপের নেতাকর্মীরা তাদের বাধা দেয়। এ সময় উভয় গ্রুপের মধ্যে কথা কাটাকাটির এক পর্যায়ে আসাদ গ্রুপের নেতাকর্মীরা টুকু গ্রুপের জিয়াকে মারধর করে এবং শহীদুলকে হলে ঢুকতে বারণ করে। এ সময় দু'গ্রুপের মধ্যে হাতাহাতি হয়। ইমন, হাসিবসহ কয়েকজনকে অস্ত্র প্রদর্শন করতে দেখা গেছে বলে প্রত্যক্ষদর্শীরা জানিয়েছে।

এরপর ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার যুগ্ম আহ্বায়ক আসাদুজ্জামান আসাদ, হল শাখার সাধারণ সম্পাদক গোলাম হাফিজ নাহিন, সাংগঠনিক সম্পাদক আনোয়ারুল হক রয়েলসহ বেশ কয়েকজন নেতা এক বৈঠক করে সমঝোতা করেন। এ সময় তাঁরা ইমন, রাজন (ছোট), মোশতাক নামে তিন কর্মীকে শোকজ করেন এবং শহীদুল ও মেসবাহকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত হলের বাইরে থাকার নির্দেশ দেন। এদিকে বঙ্গবন্ধু হলেও ছাত্রদলের দু'গ্রুপের মধ্যে উত্তেজনা বিরাজ করছে। জহুরুল হক হলে ছাত্রদলের হল শাখার সভাপতি রাহাতসহ কয়েকজন হল সংস্কারের ঠিকাদারের কাছে চাঁদা দাবি করেছে বলে অভিযোগ পাওয়া গেছে। এ অবস্থায় হল সংস্কারের কাজ সাময়িকভাবে বন্ধ রয়েছে। তবে রাহাত এই ঘটনার সঙ্গে তাঁর জড়িত থাকার কথা অস্বীকার করেছেন। তিনি জানান, তাঁর ভাবমূর্তি ক্ষুণ্ন করার জন্য একটি মহল ষড়যন্ত্র করছে।